দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 18 MAY 1989
পৃষ্ঠা 1 কলাম 4

# শিল্পায়ন ত্বরান্বিত করার জন্য বিজ্ঞান ও প্রযুক্তি নীতি প্রণীত হইয়াছে

—শেখ শহীদ

শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী শেখ শহীদুল ইসলাম বাংলাদেশে শিল্পায়নের গতি দ্রুততর করার লক্ষ্যে উন্নত প্রযুক্তি পরিকল্পনার উপর গুরুত্ব আরোপ করিয়াছেন। তিনি বলেন, প্রেসিডেন্ট এরশাদের

(২য় পৃ: দ্র:)

## শেখ শহীদ

(১ম পৃ: পর)

নেতৃত্বে বর্তমান সরকার শিল্পায়নের গতিকে ত্বরান্বিত ও যুগোপযোগী করার স্বার্থে বিজ্ঞান ও প্রযুক্তির সফল প্রয়োগে বিশ্বাস করে। মন্ত্রী গতকাল (বুধবার) আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাংলাদেশে শিল্পোন্নয়নের জন্য প্রযুক্তি পরিকল্পনা ফোরামের ৪র্থ দিনে "প্রযুক্তিভিত্তিক উন্নয়নের পদ্ধতি"-র উপর এক ওয়ার্কশপে প্রধান অতিথির ভাষণ দিতেছিলেন। শিক্ষামন্ত্রী বলেন, বাংলাদেশ জাতীয় উন্নয়ন পরিকল্পনার সংগে বিজ্ঞান ও প্রযুক্তিকে সমন্বিত করার উদ্যোগ গ্রহণ এবং প্রযুক্তিভিত্তিক উন্নয়নের জন্য বিজ্ঞান ও প্রযুক্তি নীতি প্রণয়ন করিয়াছে। মন্ত্রী প্রযুক্তি হস্তান্তরের ক্ষেত্রে পাঁচ দফা সুপারিশের কথা উল্লেখ করেন।

তিনি বলেন, বর্তমান সরকার এই সুপারিশমালা বাস্তবায়নের জন্য ইতিমধ্যেই বিভিন্ন মন্ত্রণালয়ের সচিবদের নেতৃত্বে কমিটি গঠন করিয়াছে। মন্ত্রী বলেন, আমাদের আগামী একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলা করিতে হইবে।

বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের সচিব আহমেদ ফরিদের সভাপতিত্বে ওয়ার্কশপে জাপানের আন্তর্জাতিক শিল্প ও উন্নয়ন সংস্থার মহাপরিচালক ড: মোস্তাফিজুর রহমানের লেখা "প্রযুক্তিভিত্তিক জাতি হিসাবে জাপান" শীর্ষক একটি প্রবন্ধ পাঠ করেন ড: ইকবাল মাহমুদ এবং বক্তব্য রাখেন এসকাপের প্রযুক্তি ব্যবস্থাপনা বিশেষজ্ঞ ড: কে রামানাথন।

### 'কমষ্টেক বৈঠকের ফলাফল সন্তোষজনক'

শিক্ষা মন্ত্রী শেখ শহীদুল ইসলাম পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে অনুষ্ঠিত ইসলামী সম্মেলন সংস্থার বিজ্ঞান ও প্রযুক্তি সংক্রান্ত মন্ত্রী পর্যায়ের স্থায়ী কমিটি (কমষ্টেক)-এর ৪র্থ বৈঠকে যোগদান শেষে গতকাল (বুধবার) সকালে ঢাকা প্রত্যাবর্তন করেন। মন্ত্রী বৈঠকে পাঁচ সদস্য বিশিষ্ট বাংলাদেশ প্রতিনিধি দলের নেতৃত্ব করেন।

কমিটির চেয়ারম্যান পাকিস্তানের প্রেসিডেন্ট জনাব গোলাম ইসহাক খান বৈঠকে সভাপতিত্ব করেন। বৈঠকে ওআইসিভুক্ত ৪৬টি দেশ এবং বিজ্ঞান ও প্রযুক্তি সংক্রান্ত ওআইসির ১৮টি সংগঠন যোগদান করে। দেশে ফিরিয়া শিক্ষামন্ত্রী বলেন, কমিটির বৈঠকে গৃহীত প্রস্তাবে ইসলামী দেশসমূহের মধ্যে বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে অধিকতর সহযোগিতা এবং প্রযুক্তি হস্তান্তর সংক্রান্ত বাংলাদেশের প্রস্তাব গৃহীত হইয়াছে। —তথ্য বিবরণী।